

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৯৯
আগরতলা, ৪ অক্টোবর, ২০২৩

সুসংহত উদ্যান উন্নয়ন মিশন
পশ্চিম ত্রিপুরা জেলায় আম চাষে সহায়তা

সুসংহত উদ্যান উন্নয়ন মিশন ও এমজিএন রেগায় পশ্চিম ত্রিপুরা জেলায় ফলচাষীদের আম চাষে সহায়তা দেওয়া হচ্ছে। এই কর্মসূচিতে জেলায় ১৫ হেক্টর জমি আম চাষের আওতায় আসবে। জেলার মোহনপুর, লেফুঙ্গা, বামুটিয়া, হেজামারা, মান্দাই, জিরানীয়া ও ডুকলি ব্লকে ২ হেক্টর করে জমি এবং বেলবাড়ি ব্লকে ১ হেক্টর জমি আম চাষের আওতায় আসবে। এতে জেলার ৪২ জন ফলচাষী উপকৃত হবেন। এই কর্মসূচি বাস্তবায়নে এমজিএন রেগায় ১১ লক্ষ ৪০ হাজার টাকা ও সুসংহত উদ্যান উন্নয়ন মিশনে ৪ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয় হবে। পশ্চিম জেলা উদ্যান পালন ও ভূমি সংরক্ষণ কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
